# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**ভূমি ও রাজস্ব পরিদপ্তর**
পানি ভবন, (ব্লক-ই, লেভেল-১) ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ +৮৮ ০২২২২২৩০০৫৬
ই-মেইল ঃ dir.land@bwdb.gov.bd
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Directorate of Land & Revenue**
Pani Bhaban (Block-E, Level-1), 72 Green Road, Dhaka-1205
Phone: + 88 02222230056
E-mail: dir.land@bwdb.gov.bd
Web site: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.২০৩.০৬.০০৪.২৩-৩২০

তারিখ- ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ / ৩১ মে ২০২৩

## বাপাউবো'র ভূ-সম্পত্তি বিষয়ক সভার কার্যবিবরণী

**সভাপতি :** জনাব মোঃ নুরুল ইসলাম সরকার, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা
**স্থান :** সভাপতি মহোদয়ের সভাকক্ষ (লেবেল-৫), পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা।
**তারিখ-** ২৯ মে ২০২৩ খ্রিঃ; **সময়:** বিকাল-৩.০০ ঘটিকা

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর-কে অনুরোধ জানান। পরিচালক, ভূমি ও রাজস্ব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহনের জন্য সকলের প্রতি আহবান জানান।

**সভার আলোচ্যসূচী -**

১) বাপাউবোর চলমান প্রকল্প সমুহের ভূমি অধিগ্রহণ সম্পর্কিত সমস্যা চিহ্নিত করণ ও করনীয় নির্ধারণ;
২) ইতোমধ্যে সারা দেশে বাপাউবো'র অধিগ্রহণকৃত/মালিকানাধীন হাল রেকর্ড না হওয়া ৯৬,১৭০.৬২(কম/বেশী) একর জমির রেকর্ডকরণ বিষয়ে প্রয়োজনীয় করনীয় নির্ধারণ;
৩) পানি ভবন, ওয়াপদা ভবন, এমই তেজগাঁও এবং ঢাকা সিটির আওতাভুক্ত জমির ডিজিটাল সার্ভে ও রেকর্ড সংশোধন বিষয়ে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ;
৪) বাপাউবোর মাঠ পর্যায়ের সকল বিভাগের আওতাধীন অবৈধ দখলে থাকা জমি দখলমুক্ত করণ এবং বোর্ড তথা সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে সাময়িক অব্যবহৃত জমি ব্যবহার অনুমতি বিষয়ে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ;
৫) বিগত ০৯-১১-২০২২তারিখে অনুষ্ঠিত বাপাউবোর ভূ-সম্পত্তি বিষয়ক সভায় সিনিয়র সচিব, পাসম মহোদয়ের প্রদত্ত নির্দেশনা সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ;
৬) পাসম ও মহা-পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বাপাউবো'র অধিগ্রহণকৃত মালিকানাধীন জমির যাবতীয় তথ্য সম্বলিত "Digital Storage of BWDB Land" শীর্ষক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী করনীয় নির্ধারণ;

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-**

| গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/ কর্তৃপক্ষ |
|---|---|
| ১) মাঠ পর্যায়ের প্রতিটি বিভাগের অবৈধ দখলদারদের তালিকা প্রনয়ন করে স্থানীয় প্রশাসন/পুলিশ বিভাগের সহায়তায় নিয়মিত উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে এবং প্রতিমাসের ১০ তারিখের মধ্যে ভূমি ও রাজস্ব পরিদপ্তরের নির্ধারিত ছকে উদ্ধারকৃত সম্পত্তির পরিমান বোর্ডে প্রেরন করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ২) প্রতিটি বিভাগের আওতায় বাপাউবো'র সাময়িক অব্যবহৃত জমি কোনক্রমেই অবৈধভাবে ভোগ দখলের সুযোগ দেয়া যাবে না। উক্ত জমি সঠিক ব্যবস্থাপনা এবং দেশের সার্বিক উৎপাদন বৃদ্ধির স্বার্থে সাময়িক ব্যবহার অনুমতি প্রদান পূর্বক রাজস্ব আয় বৃদ্ধি করতে হবে। ব্যবহার অনুমতি প্রদানের ক্ষেত্রে জমির পূর্ব মালিক, নদী ভাঙানে ক্ষতিগ্রস্ত জনগণ, মুক্তিযোদ্ধা, প্রান্তিক কৃষক, মৎস্যজীবি ও ক্ষুদ্র ব্যবসায়ীদেরকে অগ্রাধিকার দিতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর প্রধান সার্বক্ষণিক মনিটরিং করবেন। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৩) প্রতিটি বিভাগের আওতায় বাপাউবো'র মালিকানাধীন ঢাকা মহানগরীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ও মূল্যবান ভূ-সম্পত্তি সার্বক্ষণিক মনিটরিং এর মধ্যে রাখবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৪) বিভাগীয় দপ্তরে কর্মরত ভূমি ও রাজস্ব শ্রেনীগুচ্ছের কর্মকর্তা/কর্মচারীদের কাজের সুবিধার্থে প্রয়োজনীয় কক্ষ, কেবিনেট, কম্পিউটার, আলমীরা, স্ক্যানার ও ফটোকপিয়ার সহ অন্যান্য লজিষ্টিক সাপোর্ট প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

| | |
|---|---|
| ৫) চলমান/হাল জরিপে পানি উন্নয়ন বোর্ডের মালিকানাধীন জমি যথাযথভাবে রেকর্ড না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জবাবদিহিতার মধ্যে আনতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৬) যথাযথ অনাপত্তি/অনুমোদন ব্যতিত অন্য কোন সরকারী/বেসরকারী সংস্থা যদি বাপাউবো'র মালিকানাধীন সম্পত্তি ব্যবহার করে তাহলে বিধি মোতাবেক বাধা প্রদানের মাধ্যমে উক্ত সম্পত্তি বোর্ডের দখলে রাখতে হবে। | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৭) প্রকল্প মেয়াদের মধ্যে ভূমি অধিগ্রহন সংক্রান্ত যাবতীয় কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে উদ্ভুত যে কোন জটিলতায় ভূমি ও রাজস্ব পরিদপ্তরের সহায়তা গ্রহন করতে হবে। অন্যথায় পরবর্তী সময়ে উদ্ভুত যে কোন পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী |
| ৮) প্রতিমাসে অনুষ্ঠিত বোর্ডের সমন্বয় সভার দিন ভূ-সম্পত্তি বিষয়ে একটি আলাদা সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ভূমি ও রাজস্ব পরিদপ্তর |
| ৯) পাসম ও মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বাপাউবো'র মালিকানাধীনজমির যাবতীয় তথ্য সম্বলিত "Digital Storage of BWDB Land" শীর্ষক প্রধান পরিকল্পনা দপ্তরে প্রেরিত প্রকল্প প্রস্তাবনাটি পর্যালোচনাক্রমে পরবর্তী করনীয় সম্পর্কে অতিরিক্ত মহাপরিচালক(প্রঃ) এবং মহাপরিচালক মহোদয়কে অবহিত করতে হবে। | ১) জনাব তাহমিদুল ইসলাম, প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল;<br>২) প্রধান, মনিটরিং;<br>৪) ভূমি ও রাজস্ব পরিদপ্তর ও<br>৩) আইসিটি পরিদপ্তর। |

সর্বোপরি মহাপরিচালক মহোদয় বাপাউবো'র মালিকানাধীন ভূমি সংক্রান্ত যাবতীয় সমস্যা সমাধানের বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং প্রধান প্রকৌশলী গণের আন্তরিকতার উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে একটু আন্তরিক হলে অনেক সমস্যা মাঠ পর্যায় হতেই সমাধান করা সম্ভব বলে তিনি মতামত ব্যক্ত করেন। সেলক্ষ্যে বোর্ডের মালিকানাধীন ভূ-সম্পত্তি রক্ষার স্বার্থে সকলকে একযোগে আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি- সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (১ প্রস্থ)।

(মোঃ নুরুল ইসলাম সরকার)
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা।

বিতরন (জ্ঞাতার্থে ও কার্যার্থে)-

১) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
২) প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/(এম ই/ড্রেজার), বাপাউবো।
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর/পানি উন্নয়ন সার্কেল (সকল)/(এম ই/ড্রেজার), বাপাউবো।
৫) পরিচালক, ভূমি ও রাজস্ব/সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬) সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, ঢাকা।
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৮) নির্বাহী প্রকৌশলী, পওর/পানি উন্নয়ন বিভাগ (সকল)/(এম ই/ড্রেজার), বাপাউবো।

ডায়েরী নং ৫৭৭ — তারিখঃ ৪/৫/২৬
প্রোগ্রামার ১/২ — জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ — প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী — নথিতে পেশ করুন
অফিস সহকারী — নথিতে রাখুন
জবাব পত্র দিন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা